

2 0 1 8

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'তাজমহল' গল্পে কে ইট ও মাটি গেঁথে তাজমহল তৈরী
করছিলেন ?
- (খ) বুধনীর স্বামীর নাম কী ?
- (গ) বৈশাখী-পূর্ণিমা উৎসবে সনাতনপুরের মুকুঞ্জের
বাড়িতে কোন্ নাটক অভিনীত হয়েছিল ?
- (ঘ) প্রফুল্লের শ্বশুড়বাড়ি কোন্ গ্রামে ছিল ?
- (ঙ) প্রফুল্ল কত বছর ধরে মল্লযুদ্ধ শিখেছিল ?
- (চ) হরবল্লভের তালুক দেবী সিংহ কত টাকায় ক্রয় করেছিল ?
- (ছ) "সম্বন্ধ জুটিবে কি ? আমি কৃতদার।" 'কৃতদার' শব্দের
অর্থ লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) “আমি ডুইংরুম-বিহারী সভ্য লোক, বর্বর বন্য দম্পতির আদবকায়দা আমার জানা নাই।” ‘বন্য দম্পতি’ বলতে কাদের কথা বলা হয়েছে? /
- (খ) “বৃদ্ধের চেহারা অনেকটা বাউলের মত, আলখাল্লা পরা ধবধবে সাদা দাড়ি।” বৃদ্ধের নাম কী? তিনি লেখকের সঙ্গে কোন ভাষায় কথা বলেছেন?
- (গ) “দেখ ঠাকুর, ব্রহ্মহত্যায় আমার ভয় নাই।” বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?
- (ঘ) “তুমি বাছা, পাগল মেয়ে। বামনের ছেলে কি কৈবর্ত বিয়ে করে গা?” বক্তা কে? তিনি কাকে ‘পাগল মেয়ে’ বলেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : $৫ \times ৩ = ১৫$

- (ক) ‘স্মৃতি’ গল্পের কাহিনি অনুসরণে স্টেশন-প্ল্যাটফর্মের কোণে চায়ের স্টলটি কীভাবে গড়ে উঠেছিল তার বিবরণ দাও।
- (খ) ‘তাজমহল’ গল্প অনুসরণে লেখকের তাজমহল দর্শনের অভিজ্ঞতার বিবরণ দাও।
- (গ) “তুমি জুয়াচোর, কৃতঘ্ন, পামর, গেহিন্দাগিরি কর—তোমার কথায় বিশ্বাস কি?” কে, কাকে একথা বলেছিলেন তা প্রাসঙ্গিক পরিস্থিতির বিবরণসহ লেখো।

(ঘ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে দিবা ও নিশি চরিত্র দুটির গুরুত্ব আলোচনা করো।

(ঙ) “আমি বড় কাঙ্গাল—আমার অন্নবস্ত্র জুটিলেই ঢের, আমি ধন চাই না—দিনপাত হইলেই হইল।” বক্তা কে? তিনি কাকে, কোন পরিস্থিতিতে একথা বলেছিলেন, আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

(ক) ‘জাগ্রত দেবতা’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না, আলোচনা করো।

অথবা

“মানুষের ভালবাসার গাঢ়তা ক্ষেত্রবিশেষে রূপান্তরিত হয় অসহিষ্ণু অধিকারবোধে।” ‘বুধনী’ গল্প অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

(খ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে রঙ্গরাজ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

অথবা

“দেবী চৌধুরাণী পুরাতন বাংলার সমাজ ও পারিবারিক পটভূমিকায় স্থাপিত একটি মনোরম গার্হস্থ্য কাহিনী হলেও এর অন্তরালে আছে গীতাতত্ত্বে-নিষ্ণাত তাত্ত্বিক বঙ্কিমের একপ্রকার সূক্ষ্ম ধর্মীয় অনুভূতি ও হিন্দুর সামাজিক আচার-আচরণঘটিত তত্ত্বকথা।” ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের কাহিনি অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

- (গ) মানবজীবনে সমস্যার নানা রূপ বনফুলের অভিজ্ঞতায় কীভাবে ধরা পড়েছে তা তোমার পাঠ্য গল্প অবলম্বনে বিশ্লেষণ করো।

অথবা

ব্রজেশ্বরকে 'দেবী চৌধুরাণী' উপন্যাসের নায়ক বলা যায় কী? যুক্তিসহ আলোচনা করো।
